

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
প্রজ্ঞাপন

তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

বিষয় : শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ প্রসঙ্গে।

নং ০১৮/২০২১/কাস্টমস/২১৮—সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠান নির্দিষ্ট বন্ডিং মেয়াদের মধ্যে রপ্তানি সম্পন্ন করতে সক্ষম হচ্ছে না। ফলে, কাঁচামালের গুণগতমান অক্ষুণ্ণ থাকলেও উক্ত কাঁচামাল ব্যবহার করে রপ্তানি কার্য সম্পন্ন করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। বৈদেশিক মুদ্রা অর্জন ও রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচিত হতে পারে :

- (ক) পণ্যের গুণগতমান অক্ষুণ্ণ থাকতে হবে;
- (খ) কাঁচামাল ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানির সক্ষমতা থাকতে হবে;
- (গ) হালনাগাদ অডিট ও নবায়ন থাকতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের (ইপিজেড, অর্থনৈতিক অঞ্চল ও হাই-টেক পার্ক এলাকায় অবস্থিত বন্ডেড প্রতিষ্ঠানসহ) আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার এর নিকট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদন করলে, উক্ত আবেদনের প্রেক্ষিতে যদি উল্লিখিত শর্তাদি পরিপালিত হয়; সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে কমিশনার এর সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কেস টু কেস ভিত্তিতে পণ্যের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা করতে পারে।

(১৯২২১)

মূল্য : টাকা ৪.০০

০৩। এমতাবস্থায়, The Customs Act, 1969 এর Section-119A ও এর সাথে পঠিতব্য একই আইনের Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিয়ার রহমান মন্ডল

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।